UNICORN
COMPUTER & PRINTER REPAIRING
যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয় কার্টিজ রিফিল করা হয়।
Mob. : 9734300733
অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Regn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn. No.- Brs/135/2020-2022 ❑ Vol. 07 ❑ Issue 50 ❑ 29 Feb., 2024 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 3

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

## বনগাঁকে সন্দেশখালি করে দেওয়ার হুমকি তৃণমূল নেতার

### ঝাঁটা হাতে প্রতিবাদে মহিলারা

প্রতিনিধিঃ জমি বিবাদকে কেন্দ্র করে এবার সন্দেশখালি করে দেওয়ার হুমকি দিলেন তৃণমূল নেতা। যার প্রতিবাদে গ্রামের মহিলারা ঝাঁটা হাতে পথে নামল। গাইঘাটা থানার বৈকারা এলাকার ঘটনা।

বেশ কিছুদিন ধরেই অশান্ত হয়ে উঠেছে উত্তর ২৪ পরগনা সন্দেশখালি। সেখানকার তৃণমূল নেতা শেখ শাহজাহানের বিরুদ্ধে জনরোষ তৈরি হয়েছে। একের পর এক অভিযোগ সামনে আসছে । সেই পরিস্থিতিতে তৃণমূল নেতার সন্দেশখালি করে দেওয়ার হুমকিতে রাজনৈতিক চাপানউতর শুরু হয়েছে। প্রতিবাদে সন্দেশখালির মতোই মহিলারা ঝাঁটা হাতে পথে নেমে পড়েছেন। মহিলাদের হুমকি সন্দেশখালি করতে গেলে ঝাঁটাপেটা করা হবে। স্থানীয়রা জানিয়েছেন, অভিযুক্ত নেতার নাম বিশ্বজিৎ দাস। পেশায় প্রোমোটার। তার স্ত্রী ফুলসরা গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের সদস্যা।

অভিযোগ, বৈকারা এলাকায় বাপি সরকার একটি বাড়ি তৈরি করছেন। বাপি ও তার স্ত্রীর অভিযোগ, তৃণমূল নেতা প্রোমোটার বিশ্বজিৎ তাদের জমির উপর জোর করে রাস্তা করতে চাইছে। বাধা



দিলে বুধবার বিকেলে সে দল বল নিয়ে ওই এলাকায় এসে হাজির হয়। অভিযোগ, বাপির স্ত্রীকে সাদা থান পরিয়ে দেওয়ার হুমকি দেয়। আগ্নেয়াস্ত্র দেখিয়ে ভয় দেখায়। সে সময় প্রতিবেশীরা বেরিয়ে আসলে দু পক্ষের মধ্যে চরম বাগবিতণ্ডা হয়। বাপির স্ত্রী অসীমা সরকার বলেন, "বিশ্বজিৎ ও তার দলবল তাদের এলাকাকে সন্দেশখালি করে দেবার হুমকি দেয় ।'এরপরই ক্ষোভে ফেটে পড়ে এলাকার মানুষ। রাতেই বাপির পরিবারের তরফ থেকে গাইঘাটা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। স্থানীয় মহিলাদের বক্তব্য, 'এলাকা সন্দেশখালি করতে এলে ঝেঁটিয়ে বিদায় করব।

এই ঘটনার প্রতিবাদে স্থানীয় বিজেপি নেতৃত্ব বিশ্বজিৎ ঘোষ বলেন, 'বিশ্বজিৎ ওরফে বিশু তৃণমূল নেতা। তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের নিয়ে এসে সন্ত্রাস করার চেষ্টা করেছে, সন্দেশখালি করার হুমকি দিয়েছে। আমরা তা হতে দেব না।'

তৃণমূলের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছেন গাইঘাটার জেলা পরিষদের সদস্য তথা বনগাঁ সাংগঠনিক জেলার তৃণমূলের সাধারণ সম্পাদক অভিজিৎ বিশ্বাস। তিনি বলেন, বিশ্বজিৎ নেতা নয়। ওর স্ত্রী আমাদের দলের মেম্বার। সন্দেশখালি সম্পর্কে বিরোধীরা ভুল প্রচার করছে । আমাদের মন্ত্রীরা ওখানে গিয়ে মানুষের জমি টাকা পয়সার ব্যবস্থা করেছে। যাকে বাদশা বানিয়েছিল, সেই শাহাজাহান গ্রেফতার হয়েছে । তৃণমূল কোন দুষ্কৃতকর্মকে প্রশ্রয় দেয় না। তৃণমূলের সঙ্গে কোন যোগ থাকে না। আইন আইনের মত ব্যবস্থা নেবে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## এবার বিয়ে হবে গ্রামের ছেলে মেয়েদের, জানালেন বাসিন্দারা

প্রতিনিধি ঃ কয়েক দশক ধরে এলাকায় যাতায়াতের একমাত্র রাস্তা বেহাল রয়েছে। সে কারণে এলাকার ছেলে-মেয়েদের বিয়ে দিতে সমস্যা হচ্ছে— এমনই অভিযোগ জানিয়ে গ্রামে আসা দিদির দূতের সামনে বিক্ষোভ করেছিল গ্রামের মহিলারা। বিধায়কের প্রতিশ্রুতি মতো শনিবার গ্রামের বেহাল রাস্তা সংস্কার শুরু হতেই গ্রাম জুড়ে যেন উৎসবের পরিবেশ। বাগদার কোনিয়াড়া ১ গ্রাম পঞ্চায়েতের বালাপাড়া গ্রামের ঘটনা। এবার গ্রামের ছেলেমেয়েদের বিয়ে হবে, নরক যন্ত্রণা থেকে মুক্তি পাবো আমরা, বলে জানালেন গ্রামের মহিলারা। বিধাকে ধন্যবাদ জানিয়েছেন তারা।


সেদিন দুপুরে গ্রামের কয়েকশ পুরুষ মহিলার উপস্থিতিতে নারকেল ফাটিয়ে ফিতে কেটে রাস্তা সংস্কারের সূচনা করেন বিশ্বজিৎ বাবু। গ্রামের মহিলারা বলেন, 'কয়েক দশক ধরে রাস্তা এতটাই খারাপ যে ছেলে কিংবা মেয়ের বিয়ের জন্য পাত্র-পাত্রীপক্ষ গ্রামে এলে রাস্তার পরিস্থিতির জন্য চলে যেতেন। রাস্তা দিয়ে অ্যাম্বুলেন্স নিয়ে যাওয়া যেত না। বর্ষা হলে ছাত্র-

তৃতীয় পাতায়...

## তালিকায় নাম থাকা সত্ত্বেও পেলেন না মুরগির বাচ্চা

### ব্লক অফিসের সামনে বিক্ষোভ উপভোক্তাদের

প্রতিনিধিঃ প্রাণিসম্পদ দপ্তরের পক্ষ থেকে নির্দেশে মহিলাদের স্বনির্ভর করতে ব্লক অফিস থেকে মাথা পিছু মুরগির বাচ্চা সহ একাধিক গৃহপালিত পশু দেওয়া হয়। বাগদা ব্লকে মুরগি প্রতিপালনের জন্য ছোট হবে। এখানে এসে আমরা জানতে পেরেছি আমাদের নামে অ্যালোট হওয়া মুরগির বাচ্চাগুলো উধাও হয়ে গিয়েছে। কেউ বা কারা নিয়ে গিয়েছে। এ বিষয়ে ব্লক আধিকারিকের সাথে কথা বলতে গেলে



ছোট বাচ্চা প্রদান করায় দুর্নীতির অভিযোগ এনে শুক্রবার দুপুরে বাগদা ব্লক অফিসের সামনে বিক্ষোভ করল রণঘাট গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দারা। অভিযোগ, তালিকায় নাম থাকা সত্ত্বেও ৮০জন মহিলা মুরগির বাচ্চা পাননি। তাদের গুলি অন্যদের দিয়ে দেওয়া হয়েছে। বাচ্চার দাবিতে বিডিওর কাছে গিয়ে ক্ষোভ প্রকাশ করেন মহিলারা। ওই স্বনির্ভর মহিলাদের বক্তব্য, রেশন কার্ডের মাধ্যমে মাথাপিছু দশটি মুরগির বাচ্চা অ্যালোট করা হয়। আমরা আবেদন করেছিলাম। সেই মতো তালিকায় নামও এসেছিল। ব্লক অফিস থেকে ফোন করা হয়েছিল আজ মুরগির বাচ্চাগুলি দেওয়া তিনি দুর্ব্যবহার করে বার করে দেন। বাগদা পঞ্চায়েত সমিতির বিজেপি সদস্য সুপ্রিয়া শিকদার বলেন, 'আমার এলাকার ৮০ জন মহিলার নথি দিয়েছিলাম। তালিকা তাদের নামও রয়েছে। বলছে দিয়ে দিয়েছে। অথচ পেলেন না। নিজেদের লোকজনদের মধ্যে বিলি করে চুরি করেছে তৃণমূলের লোকেরা। এ নিয়ে বাগদা পঞ্চায়েত সমিতির সভাপতি সুদেবি মন্ডল বলেন, যারা অভিযোগ করেছেন, তাদের বিষয়টা তদন্ত করে দেখা হবে। কিন্তু এখানে এসে বিজেপি রাজনীতি করার চেষ্টা করছে। যদিও এনিয়ে বাগদার সমষ্টি উন্নয়ন আধিকারিক প্রসূন প্রামানিক কোন প্রতিক্রিয়া দিতে চাননি।

## বনগাঁ চাকদা সড়কে বেপরোয়া বাইক, গাড়ির তাণ্ডব

প্রতিনিধি ঃ বনগাঁ চাকদা রোডে একটি বেপরোয়া চার চাকা গাড়ির ধাক্কায় চায়ের দোকানের পাশে থাকা কয়েকটি বাইকে ধাক্কা মারে। ঘটনায় গুরুতর আহত হয় তিনজন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে বনগাঁ হাসপাতালে নিয়ে যায়। রবিবার রাতে বনগাঁ চাকদা সড়কের বনবিহারী কলোনি এলাকায় এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়।

প্রশাসনের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ এনে ক্ষোভ জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। স্থানীয়দের অভিযোগ, রাত বাড়তেই যেনো এই চাকদা রোডে বাইক ও গাড়ির তাণ্ডব চলে। প্রাণ হাতে করে চলতে হয় সাধারণ মানুষকে। নেশাগ্রস্ত যুবকেরা রাস্তার পাশে বেআইনি পার্কিং তৈরি করে। বেপরোয়া ভাবে চার চাকার গাড়ি চলাচল করে।

রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা এক বৃদ্ধর কথায়, এমন ঘটনা নতুন নয়, এর আগেও এই রাস্তায় দুর্ঘটনার ঘটনা ঘটেছে। দেখলাম, একটি চার চাকা গাড়ি দ্রুত গতিতে থাকার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্ত

তৃতীয় পাতায়...

ঋতু মেঘা হোটেল এবং রেস্টুরেন্ট
আবাসিক ।। শীততাপ (AC) নিয়ন্ত্রিত।
এখানে চাইনিজ ফুড সহ বিভিন্ন খাবারের ব্যবস্থা রয়েছে।
২৪ ঘন্টাই খোলা



চাঁদপাড়া দেবীপুরস্থিত যশোর রোড সংলগ্ন কৃষি মান্ডির পাশে।
চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, ভারত।
Shifting Time সকাল ১০টা থেকে পরের দিন সকাল ১০টা।
যোগাযোগ: 9332224120, 6295316907, 8158065679

Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805
ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre,
5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
সার্বভৌম সমাচার
বর্ষ ০৭ ❒ সংখ্যা ৫০ ❒ ২৯ ফেব্রুয়ারী, ২০২৪ ❒ বৃহস্পতিবার

# চাকদা- বনগাঁ সড়ক যেন মরণ ফাঁদ

বর্তমান সময়ের ব্যস্ততম কর্মময় জীবনে যন্ত্রচালিত দ্বিচক্রযান মানুষের জীবনে একটি অত্যাবশ্যকীয় উপাদানে পরিণত হয়েছে। গ্রাম হোক বা মফঃসল শহর; কর্মক্ষেত্রে যাওয়ার জন্য এই যানের সাহায্যে সঠিক সময়ে পৌঁছে যেতে পারে কর্মযোগীর দল। কিন্তু কথিত আছে, মোটর সাইকেল না মরণ সাইকেল। কান মললেই ছুটে চলে দুর্বার গতিতে। তার উপর যদি মদ্যপ 'এ বয়স জানে রক্ত দানের পুর্ণ্য'র হাতে পড়ে এই যান, তাহলে প্রবাদের তাৎপর্য সার্থক হয়ে ওঠে। মোটর সাইকেল হয়ে ওঠে মরণ সাইকেল। বর্তমান সময়ে চাকদা- বনগাঁ সড়কের দিকে একটু নজর দিলেই এ বিষয়ে সহমত পোষণ করতে একটুও অসুবিধা হয় না। সন্ধ্যার পর থেকে রাত যত গভীর হয়, মরণ ফাঁদের দিকে ছুটে চলা দুর্বার গতির বাইক আরোহীর সংখ্যা বাড়তেই থাকে। দুর্ঘটনাও ঘটে প্রতিনিয়ত। সবচেয়ে সমস্যায় পড়তে হয় পদযানে চলতি মানুষদের। কেননা ফুটপাত তৈরী হলেও তা দখল করে রেখেছে স্থানীয় ব্যবসাদারগণ। নিজের ক্ষমতায় হোক বা রাজনৈতিক মদতে, নিজের ব্যবসায়ী প্রতিষ্ঠানের সামনের ফুটপাতও তার নিজস্ব সম্পত্তি হিসাবে গণ্য হচ্ছে। পদচালিত মানুষকে তাই জীবনের ঝুঁকি নিয়ে চলতে হয় দুরন্ত গতিতে ছুটে চলা যানবাহনের পাশকাটিয়ে। প্রশাসন যেন সব ক্ষেত্রেই উদাসীন। যানের গতি নিয়ন্ত্রণ বা ফুটপাত পরিস্কার রাখা কোনদিকেই তাদের নজর নেই। যতদিন তা না হচ্ছে, পথ চলতি মানুষের দুর্ভোগ চলছে। চলবে।

# পশ্চিমবঙ্গ নাট্যমেলায় ঠাকুরনগর পরশ এর মূকাভিনয় কোজাগরী

নীরেশ ভৌমিক ঃ পশ্চিমবঙ্গ নাট্য একাদেমি আয়োজিত নাট্যমেলায় মূকাভিনয় করে এল গাইঘাটা ব্লকের ঠাকুরনগরের পরশ সোস্যাল এন্ড কালচারাল অর্গানাইজেশন এর সদস্যরা। গত ৯ ফেব্রুয়ারি কলকাতার তৃপ্তি মিত্র নাট্যগৃহে আয়োজিত নাট্য মেলায় পরশ সংস্থার কুশীলবগণ সংস্থার কর্নধার শাশ্বত বিশ্বাসের নির্দেশনায় মূকাভিনয় কোজাগরী মঞ্চস্থ করে।



সাম্প্রদায়িক সম্প্রীতির উপর রচিত এবং অভিনীত মূকাভিনয় কোজাগরী। বিশিষ্ট মূকাভিনেতা শাশ্বত বিশ্বাসের নির্দেশনায় পরিবেশিত নাটকটি সমবেত দর্শক সাধারনের মনের মনিকোঠায় স্থান করে নেয়। সমস্ত অভিনেতা অভিনেত্রীর প্রাণবন্ত অভিনয় উপস্থিত সকল দর্শক মণ্ডলীকে মুগ্ধ করে।

# ঢাকুরিয়ায় স্বামী স্বরূপানন্দের স্মরণ অনুষ্ঠানে বহু ভক্ত সমাগম

নীরেশ ভৌমিক ঃ স্বামী স্বরূপানন্দজীর (বাবামনি) জন্ম মাস উপলক্ষে সারাদিন ব্যাপী এক ধর্মীয় অনুষ্ঠান উদ্‌যাপিত হয় চাঁদপাড়ার ঢাকুরিয়ায়। গত ২৫ ফেব্রুয়ারি ঢাকুরিয়া গ্রামের মধ্যপাড়ায় লোকনাথ মন্দির প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন এলেকা থেকে আগত শিষ্য ও ভক্তগণ যোগ দেন। অস্থায়ী মণ্ডপে সকাল থেকেই পুজো পাঠ শুরু হয়। পুজো পাঠে পাড়ার মহিলারাও অংশ নেন। পুজো শেষে উপস্থিত সকলের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়। পুজো অন্তে বিশিষ্ট সংগীত শিল্পী দীপেন নন্দীর গাওয়া ধর্ম মূলক সংগীতের মধ্য দিয়ে ধর্মীয় অনুষ্ঠানের সূচনা হয়। পুজো পাঠে অংশ নেন বর্ষিয়ান ভক্ত অধীর মজুমদার। পুজো শেষে মধ্যাহ্নে সকলকে ভোগ প্রসাদে আপ্যায়িত করা হয়। বাবামনির অন্যতম ভক্ত কাজল



গুহ, নির্মল গুহ, রামু ভৌমিক, রানা পাল, উত্তম দত্ত, নিত্য পাল, প্রতিমা মজুমদার ডলি পাল, বাসন্তী দেবনাথ প্রমুখ ভক্তজনের উপস্থিতিতে ঠাকুর স্বরূপানন্দের জন্মমাস উপলক্ষে আয়োজিত সমগ্র অনুষ্ঠান সার্থকতা লাভ করে।

# ভাষা দিবসে ঠাকুরনগর প্রতিধ্বনির মনোজ্ঞ অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ অন্যান্য বছরের মত এবারও গত ২১ ফেব্রুয়ারি আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা সহকারে উদ্‌যাপন করে ঠাকুনগরের প্রতিধ্বনি সাংস্কৃতিক সংস্থার সদস্যগণ। সংস্থা প্রাঙ্গনে ভাষা শহীদদের স্মরণে নির্মিত শহীদ বেদীতে ফুল মালা অর্পন করে শ্রদ্ধা জানান উপস্থিত সকলে। দিনটির তাৎপর্য ও ভাষা আন্দোলনের প্রেক্ষাপট তুলে ধরে বক্তব্য রাখেন সংস্থার সম্পাদক পার্থ প্রতিম দাস সহ অন্যান্যরা। পরিশেষে ভাষা শহীদদের স্মরণে সংস্থার সদস্যগণ সংগীত নৃত্য আবৃত্তি পরিবেশন করেন। কথায়, কবিতায়, নৃত্যে ও মর্মস্পর্শী সংগীতে প্রতিধ্বনি সাংস্কৃতিক সংস্থা আয়োজিত এদিনের ভাষা শহীদ স্মরণ অনুষ্ঠান বেশ প্রাণবন্ত হয়ে ওঠে।

# দীঘায় আন্তর্জাতিক নৃত্য উৎসবে বাণীপুর সুন্দরম্

সঞ্জিত সাহা ঃ পুরাতন দীঘায় সম্প্রতি অনুষ্ঠিত হয় নবধারা আয়োজিত আন্তর্জাতিক সী বিচ ড্যান্স ফেস্টিভ্যাল। ওল্ড দীঘার বিশ্ব বাংলা ময়দানে আয়োজিত অনুষ্ঠানে হাবড়ার বাণীপুর সুন্দরম ড্যান্স ইনস্টিটিউশনের নৃত্য শিল্পীরা অংশ গ্রহন করেন। সুন্দরম এর নৃত্যশিল্পীগণ শাস্ত্রীয় নৃত্য কত্থক পরিবেশন করে সমবেত দর্শকমণ্ডলীর মন জয় করেন। সদ্যপ্রয়াত ওস্তাদ রসিদ খানের গজল ও তিন তালের তারানা দর্শক মণ্ডলীকে মুগ্ধ করে। অন্যতম সংগঠক নবধারার কর্ণধার সমীর পন্ডার আহ্বানে শ্রীলঙ্কা থেকে আগত নৃত্য শিল্পীরাও নৃত্য পরিবেশন করেন। সমগ্র অনুষ্ঠানকে সার্থক করতে সহযোগিতা করে পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র।

# গোবরডাঙায় সাড়ম্বরে মুকুলিকার ভাষা দিবস উদ্‌যাপন

নীরেশ ভৌমিক ঃ একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা সহকারে উদ্‌যাপন করে গোবরডাঙার অন্যতম সাংস্কৃতিক সংগঠন মুকুলিকা গানের স্কুল কর্তৃপক্ষ। বিশিষ্ট শিক্ষক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব অরিন্দম দে'র পরিচালনায় প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ সংগীত, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন। সঞ্চালক অরিন্দম দে তাঁর বক্তব্যে ১৯৫২ সালের ভাষা আন্দোলনে নিহত শহীদদের স্মরণ করে দিনটির তাৎপর্য তুলে ধরেন।

প্রতিষ্ঠানের কর্নধার বিশিষ্ট সংগীত শিল্পী অনিমা দাস এর কথা ও সুরে পরিবেশিত হয় দুই বাংলার সংস্কৃতির মেল বন্ধনের উপর একটি সংগীত আলেখ্য। উপস্থিত অভিভাবকগণের মধ্যে অঞ্জনা দে'র কন্ঠে কবিতা আবৃত্তি ও স্মৃতিকণা কর এর সংগীতানুষ্ঠান সমবেত দর্শক ও শ্রোতৃমণ্ডলীকে মুগ্ধ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্কৃতিপ্রেমী নিউটন রায়, প্রতিমা মজুমদার প্রমুখ বিশিষ্টজন।

# সেবার সাহিত্য সভায় সংবর্ধিত কবি কণিকা ও আবৃত্তিকার সাধনা

নীরেশ ভৌমিক ঃ জেলার উল্লেখযোগ্য সমাজসেবি সংস্থা গোবরডাঙা সেবা ফার্মার্স




সমিতি আয়োজিত ৫১তম মাসিক সাহিত্য সভা অনুষ্ঠিত হল গত ২৪ ফেব্রুয়ারি। এদিন মধ্যাহ্নে সমিতির সভাগৃহে অনুষ্ঠিত সাহিত্য সভার শুরুতেই প্রয়াত বিশিষ্ট কবি ও ছড়াকার ভবানী প্রসাদ মজুমদার, কবি ও সাংবাদিক প্রয়াত রাসমোহন দত্ত ও ১৯৫২র মাতৃভাষা বাংলার স্বাধিকার রক্ষার আন্দোলনে নিহত শহীদদের স্মরণে ফুল-মালা অর্পন করে শ্রদ্ধা জানানো হয়। প্রধান শিক্ষিকা কাকলি রায়ের পৌরোহিত্যে অনুষ্ঠিত এদিনের সাহিত্য সভায় জেলার বিভিন্ন প্রান্ত থেকে আসা কবিগণ স্বরচিত কবিতা পাঠ করে শোনান। ভাষা দিবসের উপর স্বরচিত গান গেয়ে শোনান এদিনের সাহিত্য সভার সঞ্চালিকা বিশিষ্ট কবি টুলু সেন। বিশিষ্ট আবৃত্তিকার পলাশ মণ্ডলের কন্ঠে বিদ্রোহী কবি নজরুলের কবিতা আবৃত্তি এবং শিশু শিল্পী তথাগত মিস্ত্রি ও দিশা বিশ্বাসের কন্ঠে কবিতা পাঠ এবং কেয়া দেবনাথ, অসিত দালাল, ইতি হালদার, অরূপ কুমার ঘোষের গাওয়া সংগীত উপস্থিত সকলের প্রশংসা লাভ করে। এদিন বিশিষ্ট কবি কণিকা বৈরাগী ও বিশিষ্ট বাচিক

চতুর্থ পাতায়...

## নেচার স্টাডি বা প্রকৃতি চর্চা

# স্ট্যাচু অব ইউনিটি



**অজয় মজুমদার**

বহু শতাব্দী ধরে মানুষ ভ্রমণ করে আসছে। সত্যিই ভ্রমণ মনকে প্রশস্ত করে। আমরা সুখ কিনতে পারবো না। তবে ভ্রমণের জন্য রেল বা বিমানের টিকিট কিনতে পারবো। সেটাই কিন্তু সুখ কেনার মত। ভ্রমণের সময় ক্লান্তি আসে না কারণ আমরা দেহ-মনে মসগুল হয়ে থাকি। ভ্রমণ মানুষকে জীবন যাপন শেখায়। অভিজ্ঞতা তৈরি করতে গেলে ভ্রমণের প্রয়োজন। অর্থের থেকে সাহসই ভ্রমণের ক্ষেত্রে একটি বিষয় হয়ে দাঁড়ায়। ভ্রমণ জীবনের একটি আনন্দদায়ক অভিজ্ঞতা যা ভাষায় প্রকাশ করা যায় না। ভ্রমণ করলে ভয়ের সীমা সংকুচিত করে এবং চিন্তার পরিধি বাড়ায়। অভিজ্ঞতা গল্প তৈরি করে। রোমান্সের জন্য ভ্রমন করা প্রয়োজন। স্থাপত্যের জন্য ভ্রমণ করা। হারিয়ে যাবার জন্য ভ্রমণ করা। ভ্রমণে গিয়ে যে স্মৃতি তৈরি হয়, সেই স্মৃতিগুলি সারা জীবন আমাদের সঙ্গে থাকে।

ডাক্তার হারুন সাহারুনের পারিবারিক ট্যুর এবং ট্রাভেল এবার গুজরাট ভ্রমণের সিদ্ধান্ত নেয়। অবশ্য সেই প্রস্তাবটা আমিই দিয়েছিলাম। সেই প্রস্তাবকে মান্যতা দিয়ে তৈরী হল গুজরাট ভ্রমণের পরিকল্পনা। ১০ই অক্টোবর ২০২২ হাওড়া থেকে গরবা এক্সপ্রেস (১২৯৩৮) ছাড়লো রাত এগারোটায়। ১২ই অক্টোবর ২০২২ সকাল দশটায় ছায়াপুরি বা ভাদোদরা স্টেশনে পৌঁছায়। তিন ঘন্টা ট্রেন লেট ছিল। ছায়াপুরীতে একটি এসি বাস এসে দাঁড়িয়েছিল আমাদের নেবার জন্য। লাগেজ তুলে আমরা বাসে করে হোটেল নাইস এ পৌঁছালাম। ঠিকানা- সাহাজিগঞ্জ, ভাদোদরা। দুদিনের ট্রেন জার্নির পর স্নান খাওয়া সেরে আমরা আবার বাসে উঠলাম স্ট্যাচু অফ ইউনিটি দেখতে। ভাদোদরা বা বরোদা থেকে দূরত্ব ৯০.২ কিলোমিটার, সময় লাগে দু'ঘণ্টার মতো। এটি বিশ্বের উচ্চতম মূর্তি। উদ্বোধনের পর থেকেই রাজনৈতিক তরজা অব্যাহত। ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নেতা বল্লভ ভাই প্যাটেলের স্মৃতির উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর উদ্যোগে নির্মিত শ্রেষ্ঠ ভাস্কর্য। ১৮২মিটার (৫৯৭ ফুট) লম্বা। এই ভাস্কর্য বিশ্বের সবচেয়ে উঁচু ভাস্কর্য। ষাট তলা ভবনের সমান উঁচু। প্রকল্পের আনুমানিক ব্যয় তিন হাজার এক কোটি টাকা। কাজটি শুরু হয় ২০১৩ সালের ৩১ শে অক্টোবর এবং শেষ হয় ২০১৮ সালের অক্টোবরের মাঝামাঝি। নির্মাণ করে লারসেন এন্ড টুব্রো প্রা:লি:। ২০১৮ সালে ৩১ শে অক্টোবর বল্লভ ভাই প্যাটেলের ১৪৩ তম জন্মবার্ষিকীতে মূর্তির উদ্বোধন করেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

এটি ভারতের গুজরাট রাজ্যের সাদুবেট আইল্যান্ডে নর্মাদা নদীর পাশে অবস্থিত। ভাস্কর্যটি ২০,০০০ বর্গমিটারেরও বেশি জায়গা জুড়ে অবস্থিত। ১২ বর্গ কিলোমিটার ক্ষেত্র বিশিষ্ট একটি কৃত্রিম হ্রদ দ্বারা পরিবেশিত ও ভাস্কর্যটি তিন স্তর বিশিষ্ট কাঠামো। ভেতরের স্তরে ১২৭ মিটার দুটি উঁচু টাওয়ার আছে। যা ভাস্কর্যের বুক পর্যন্ত বিস্তৃত। দ্বিতীয় স্তরটি স্টিলের কাঠামো। এবং ভাস্কর্যের তৃতীয় স্তরটি বা উপরের স্তরটি ব্রোঞ্জ দিয়ে মোড়ানো। দর্শনের জন্য দুটি লিফট আছে। প্রতি লিফটে ২৬ জন করে যেতে পারবেন। উচ্চতার দিক থেকে এর আগে সর্বোচ্চ প্রতিমূর্তির রেকর্ড ছিল চীনের। বুদ্ধের বসন্ত মন্দির নামের মূর্তির উচ্চতা ১৫৩ মিটার। সে রেকর্ড ভেঙে— ভারত আবার জগত সভায় শ্রেষ্ঠ আসন নিল।

স্ট্যাচুর পাদদেশে আছে ভ্রমণকারীদের জন্য হাঁটার পথ, ফুট কোর্ট, বড় বাজার, ও অতিথিদের থাকার ব্যবস্থা। স্ট্যাচুর অদূরে থ্রি স্টার হোটেল- ৫২টি কক্ষ বিশিষ্ট। ২৬৪ টি আসনের ক্যাফেটোরিয়া ও একটি গিফট সপ আছে। এছাড়াও ৮০০ টি গাড়ি পার্কিংয়ের সুব্যবস্থা আছে।

ভাদোদরা থেকে ৯০ কিলোমিটার ফোর লেনের রাস্তা নির্মিত হয়েছে। পর্যটকেরা আকাশ পথে বা রেলপথে ভাদোদরা পৌঁছে যেতে পারবেন।




আমাদের বাস নামিয়ে দিল ঐক্যের মূর্তি প্রাঙ্গনে। ওখানকার নিজস্ব বাসে আমাদের নিয়ে গেল মূর্তির কাছে। হোটেল থেকে টিকিট কিনেছিলাম ৪১০ টাকা করে। প্রাঙ্গনে টিকিটের দাম জনপ্রতি ৩৮০ টাকা।

সন্ধ্যায় আবার সবাই বাসে এসে বসলাম ও আমরা ফিরব বরোদায় হোটেল নাইস এ। আমাদের রান্না খাওয়ার ব্যবস্থা ছিল হোটেল স্টারে। এটি নাইস হোটেলের কাছেই। আমাদের এখন একটাই পরিবার। সবাই সবার আত্মীয়। হাসি-ঠাট্টা, গল্প, বাথরুম সং চলছে। ছোটরাও একেবারে মিশে গেছে সবার সঙ্গে। আমাদের চোখের মনি ছোট্ট আট বছরের সানু। বাসের সব সিটই ওর। বরোদা হলো ভারতের গুজরাটের ভাদোদরা শহরের আরেকটি নাম। এটি গুজরাট রাজ্যের দ্বিতীয় বৃহত্তম শহর। রাজ্যে, রাজধানী গান্ধীনগর থেকে ১৪১ কিলোমিটার দূরে বিশ্বামিত্রীর নদীর তীরে অবস্থিত। রেললাইন ও ন্যাশনাল হাইওয়ে— যা দিল্লী, মুম্বাইয়ের সঙ্গে যুক্ত করে। শহরটি নাম আছে বন্যার প্রাচুর্যের জন্য। শহরটি লক্ষ্মী- বিলাস প্রাসাদের মতো ল্যান্ডমার্কের জন্য, যেটি বরোদা রাজ্যের উপর শাসনকারী মারাঠা রাজকীয় গাইকোয়ার্ড রাজবংশের বাসস্থান হিসেবে ছিল। শহরটি বৃহৎ শিল্প কেন্দ্র, যেমন ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, রিলায়েন্স ইন্ডাস্ট্রিস লিমিটেড, ওএনজিসি, গেইল ছাড়াও ৮০০টি আনুষঙ্গিক সংস্থাগুলির পাওয়ার সেক্টরেব সরঞ্জাম উৎপাদন করে। এ ছাড়াও শহরটি ভারতের প্রধান আই টি হাব হয়ে উঠেছে।

# দাদাগিরিতে পুরস্কৃত ঢাকুরিয়া হাই স্কুলের শিলাদিত্য সরকার

নীরেশ ভৌমিক ঃ দূরদর্শনের জি বাংলা চ্যানেলের জনপ্রিয় অনুষ্ঠান স্বনামধন্য ক্রিকেটার সৌরভ গাঙ্গুলী পরিচালিত দাদাগিরি'র সিজন-১০ এ অংশ গ্রহন করেন



চাঁদপাড়ার ঢাকুরিয়া উচ্চতম মাধ্যমিক বিদ্যালয়ের কতিপয় শিক্ষার্থী। দাদগিরির সাম্প্রতিক এই এপিসোডে অংশ নেয় বিদ্যালয়ের একাদশ শ্রেনির পড়ুয়া শিলাদিত্য সরকার (আদি) গুগলির ১ টি কঠিন প্রশ্নের উত্তর দিয়ে সকলের নজর কাড়ে। পরিচালক সৌরভ গাঙ্গুলী শিলাদিত্যর প্রশংসা করেন। পুরস্কার স্বরূপ তাঁর হাতে শংসাপত্র ও গোল্ড কয়েন তুলে দিয়ে শিলাদিত্যকে শুভেচ্ছা জানান। সানরাইজ থেকে শিলাদিত্যকে নানা পুরস্কার প্রদান করা হয়। শিলদিত্যের এই বিরাট সাফল্য ও পুরস্কার লাভে যার পর নাই খুশি তার বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীগণ। সেই সঙ্গে আনন্দিত শিলাদিত্যর আত্মীয় পরিজন সহ গ্রামবাসীগণ। সকলেই তার ভবিষ্যৎ জীবনের আরোও সাফল্য কামনা করেন।

# চাঁদপাড়ায় বিদ্যুৎ দফতরের নতুন কার্যালয়

নীরেশ ভৌমিক ঃ উন্নততর গ্রাহক পরিষেবার লক্ষ্যে গাইঘাটা ব্লকের চাঁদপাড়ায় রাজ্য বিদ্যুৎ দফতরের নতুন কার্যালয়ের উদ্বোধন হল গত ২৪ ফেব্রুয়ারি। চাঁদপাড়া ষ্টেশন পার্শ্বস্থ ২ নং রেলবাজার সংলগ্ন ঢাকুরিয়ায় প্রয়াত শক্তি সিংহ রায় দেব বাসভবন অঙ্গনে নির্মিত বিদ্যুৎ দফ্তরের নতুন চাঁদপাড়া কাস্টমার কেয়ার সেন্টারের উদ্বোধন হয়। এদিন মধ্যাহ্নে নবনির্মিত এই কার্যালয়ের উদ্বোধন অনুষ্ঠানের শুরুতে রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী অরূপ বিশ্বাস প্রত্যন্ত গ্রামাঞ্চলে ও সাধারন মানুষজনের স্বার্থে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দিতে সরকারের অসামান্য ভূমিকার কথা ভার্চুয়ালি জানান। মন্ত্রী অরূপ বাবুর অনুমতি সাপেক্ষে রাজ্য বিদ্যুৎ দফতরের এক্সিকিউটিভ ডিরেক্টর মিঃ সুমিত মুখার্জী ফিতে কেটে ও মঙ্গলদীপ প্রোজ্জ্বলন করে আনুষ্ঠানিক ভবে দফতরের নতুন এই কার্যালয়ের উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে দফ্তরের অন্যান্য বিশিষ্ট আধিকারিকগনের মধ্যে ছিলেন জেলা ও মহকুমা দফ্তরের পদস্থ আধিকারিক



পার্থপ্রতিম দত্ত, দিলীপ ঘোষ, উৎপল ঢালী, সোমনাথ মণ্ডল, ইমন চক্রবর্তী ও অনিন্দ্য সাহাসহ দফ্তরের প্রমুখ ইঞ্জিনিয়ারগণ। উপস্থিত ছিলেন গাইঘাটা থানার নবাগত পুলিশ আধিকারিক রাখহরি ঘোষ। অনুষ্ঠানের আয়োজকরা বিশিষ্ট আধিকারিকগণকে পুষ্পস্তবকে বরণ করে নেন। আধিকারিকগণ জানান, এখানে এই কার্যালয় হওয়ায় এলেকার হাজার তিনেক বিদ্যুৎ গ্রাহক পরিষেবা পাবেন। কর্মী তন্ময় সিংহ জানান, এখানে বিদ্যুৎ বিলের টাকা জমা নেওয়া ছাড়াও গাইঘাটার কার্যালয়ে এতদিন যা যা পরিষেবা মিলত, এখানেও গ্রাহকগণ সেই সমস্ত পরিষেবাগুলি পাবেন। চাঁদপাড়ায় বিদ্যুৎ দফতরের নতুন এই অফিস হওয়ায় অতিশয় খুশি বিদ্যুৎ গ্রাহক সহ এলেকার সাধারন মানুষজন।

# সড়কে বেপরোয়া

প্রথমপাতার পর...

ার পাশে দাঁড়িয়ে থাকা কয়েকটি বাইকে ধাক্কা মারে। ঘটনায় চার চাকার চালক সহ আহত হয় ৩ জন।'

ঘটনাস্থলে বনগাঁ থানার পুলিশ গিয়ে মোটরসাইকেলগুলি ও চারচাকা গাড়িটি উদ্ধার করে নিয়ে যায়। সে সময় চালক পালিয়ে গেলেও পরে বনগাঁ থানার পুলিশ তাকে আটক করে। প্রশাসন সূত্রে জানানো হয়েছে ,রাস্তায় নাকা চেকিং ধরপাকড় নিয়মিত চলে। এবার মদ্যপ বেপরোয়া চালক দেখলে আরো কড়া পদক্ষেপ করা হবে।

# বিয়ে হবে গ্রামের ছেলে মেয়েদের

প্রথমপাতার পর...

ছাত্রীদের স্কুলে যাওয়া বন্ধ হয়ে যেত। কিন্তু এবার আর এমন ঘটনা ঘটবে না।

গত বছর দিদির দূত কর্মসূচিতে বাগদার কনিয়াড়া ১ গ্রাম পঞ্চায়েতে গিয়েছিলেন বাগদার বিধায়ক তথা তৃণমূলের জেলা সভাপতি বিশ্বজিৎ দাস। বালাপাড়া গ্রামে গিয়ে বেহাল রাস্তা নিয়ে বাসিন্দাদের ক্ষোভের মুখে পড়তে হয় বিশ্বজিৎবাবুকে। সে সময় থেকে গ্রামবাসীদের অভিযোগ ছিল, রাস্তার জন্য এলাকার ছেলে মেয়েদের বিয়ে হচ্ছে না। কয়েক দশক ধরে এই রাস্তা বেহাল থাকার কারণে নারকীয় যন্ত্রণায় ভুগছিলেন বাসিন্দারা।

বিশ্বজিৎ বাবু সে সময় প্রতিশ্রুতি দিয়েছিলেন রাস্তা করে দেওয়ার। এদিন ওই এলাকায় গিয়ে রাস্তা শুরুর শিলান্যাস করেন বিশ্বজিৎ বাবু। তিনি বলেন, 'স্বাধীনতার পর থেকে রাস্তা বেহাল অবস্থায় ছিল। আমি নিজে গিয়ে রাস্তা টি দেখে এসেছি।

মুখ্যমন্ত্রীকে জানানোর পর তিনি এই রাস্তার জন্য টাকা বরাদ্দ করেছেন। প্রায় ছয় কিলোমিটার রাস্তা সংস্কার করার জন্য দু কোটি টাকার উপরে বরাদ্দ হয়েছে। আশা করি খুব দ্রুত কাজ শেষ হয়ে যাবে।

## বিজ্ঞপ্তি

**মাননীয় এ. ডি. জে- ২, বনগ্রাম আদালত, জেলা উত্তর ২৪ পরগণা**

ম্যাট স্যুট নং- ৩৩৬/২০২৩

**দরখাস্তকারী ঃ বিথীকা মণ্ডল,** স্বামী- পিন্টু ভক্ত, পিতা- বীরেন মণ্ডল, গ্রাম- দেবগড়, পোঃ ও থানা- বনগাঁ, জেলা- উত্তর ২৪ পরগণা, পিন- ৭৪৩২৩৫।

**প্রতিপক্ষ ঃ পিন্টু ভক্ত,** পিতা- বিষ্ণু ভক্ত, সাং- সুভাষপল্লী, পোঃ ও থানা- বনগাঁ, জেলা- উত্তর ২৪ পরগণা, পিন- ৭৪৩২৩৫।

**হিন্দু বিবাহ আইনের ১৩নং ধারা**

আপনি প্রতিপক্ষ, এতদ্বারা আপনাকে জানানো যাইতেছে যে, আপনার স্ত্রী দরখাস্তকারী বিথীকা মণ্ডল হিন্দু বিবাহ আইনের ১৩নং ধারা মতে আপনার সহিত বিবাহ বিচ্ছেদের জন্য অত্র আদালতে আপনার বিরুদ্ধে উক্ত নং মোকর্দ্দমা আনায়ণ করিয়াছেন। উক্ত নং মোকদ্দমায় আগামী ইং ১২/০৪/২০২৪ তারিখে শুনানির দিন ধার্য্য হইয়াছে। উক্ত দিনে আপনি স্বয়ং অথবা কোনো উকিলবাবু মারফত অত্র মোকদ্দমায় হাজির হইয়া আপনার মতামত/ জবাব দাখিল করিবেন। অন্যথায় আদালত অত্র মোকদ্দমায় এক তরফা চূড়ান্ত নিষ্পত্তির আদেশ প্রদান করিবেন।

অত্র আদালতের সিলমোহর ও সহি যুক্তমতে দেওয়া হইল।

S/d (Asit Kumar Das)
Bench Clerk
Additional District & Sessions Judge
2nd Court, Bongaon,
North 24 Parganas





GRAPHICS MART
LAPTRONICS-5
এখানে খুবই কম খরচে
Laptop এবং Desktop
Repairing করা হয়।
* সকল প্রকার Repairing এর উপর
থাকবে One Month (একমাসের ) গ্যারান্টি।
Mob. : 9836414449

দীর্ঘ ১৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন
সবিতা অ্যাড এজেন্সি
বিজ্ঞাপনী অডিও প্রচারের জন্য যোগাযোগ করুন...
M. 9474743020

মন ভরানো হাসির শর্ট ফিল্মস্, ওয়েব সিরিজ দেখার জন্য স্ক্যান করুন আমাদের এই কোডে অথবা ইউটিউবে সার্চ করুন
www.youtube.com/@monalisafilms5673
বিভিন্ন চরিত্রে অভিনয়ের জন্য সত্বর যোগাযোগ করুন— ৯৭৩৩০৮৭৬২৬
মোনালিসা ফিল্মস্ বনগাঁ

নিজ কারখানায় প্রস্তুত ৩০ বৎসরের ওয়ারেন্টি যুক্ত কাঠের ফার্নিচারের জন্য Mob. : 9733087626
মোনালিসা ফার্নিচার




# গৃহবধূ খুনে যাবজ্জীবন সাজা শাশুড়ি ননদ দেওরের

প্রতিনিধিঃ আম গাছ কাটা নিয়ে পারিবারিক বিবাদের জেরে গৃহবধূকে কুপিয়ে খুনের মামলায় তার শাশুড়ি ননদ ও দেবরকে জাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল বিচারক। মঙ্গলবার বনগাঁ মহকুমা আদালতে বিচারক পরেশ চন্দ্র কর্মকার এই সাজা ঘোষণা করেন। আদালত সূত্রে জানা গিয়েছে, ২০২৩ সালের ২৭ ফেব্রুয়ারি গোপালনগর হাটখোলা গ্রামে গৃহবধূ ফুলমালা কীর্তনীয়াকে খুনের অভিযোগে শাশুড়ি সারতি কীর্তনীয়া, দেওর অমর কীর্তনীয়া ও ননদ রাধিকা সরকারকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছিল গোপালনগর থানার পুলিশ। ধৃতদের বিরুদ্ধে খুনের মামলা রুজু করা হয়েছিল। বিচারক ধৃতদের জেল হেফাজতের নির্দেশ দেন। সরকারি আইনজীবী সঞ্জয় দাস বলেন, অমর কীর্তনীয়া ও সারতি কীর্তনীয়াকে এতদিন জেলে রেখে বিচার প্রক্রিয়া চলছিল এবং রাধিকা সরকার হাই কোর্ট থেকে জামিন পেয়েছেন। এই মামলায় ২৫ জন সাক্ষী দেয়। এক বছরের মধ্যে বিচারক পরেশ চন্দ্র কর্মকার আজ তিনজনের যাবজ্জীবনের সাজা শোনালেন। সাজাপ্রাপ্ত আসামিদের আইনজীবী দিবাকর বিশ্বাস বলেন, এই রায়ে আমরা সন্তুষ্ট নই। আমরা উচ্চ আদালতে যাবো।

সূত্রে জানা গিয়েছে, বছর ৪৫ এর মৃত গৃহবধূ ফুলমলা দেবীর স্বামী ভিনরাজ্যে কাজ করে। ছেলেকে নিয়ে শাশুড়ি, দেওরের সঙ্গে একই বাড়িতে থাকতেন তিনি ও দীর্ঘদিন ধরে দেবরের সঙ্গে সম্পত্তি নিয়ে বিবাদ চলছিল তাদের। আম গাছ কাটাকে কেন্দ্র করে তাদের মধ্যে বিবাদ হয়। সেসময় অভিযুক্তরা তাকে দা দিয়ে এলোপাতাড়ি কোপ মারে। তারপরে হাসপাতালের তাঁর মৃত্যু হয়। মৃত মহিলার পরিবারের লোকেরা গোপালনগর থানায় অভিযোগ করে কঠিন শাস্তির দাবি জানিয়েছিল।

এদিন অভিযুক্তদের কঠোর সাজা ঘোষণার দাবি নিয়ে বনগাঁ মহাকুম আদালত চত্বরে হাজির হয়েছিলেন মৃত মহিলার পরিবারের লোকজন ও প্রতিবেশীরা। মৃতার মা সবিতা হাওলাদার বলেন, আমার মেয়েকে যেভাবে ওরা নৃশংস ভাবে খুন করেছে। বিচারকের কাছে দাবি জানাবো ওদের যেন ফাঁসি হয়।




সম্পর্ক গড়ে

# নিউ পি. সি. জুয়েলার্স

HALL MARK

হলমার্ক গহনা ও গ্রহরত্ন

১। আমাদের এখানে রয়েছে হাল্কা, ভারী আধুনিক ডিজাইনের গহনার বিপুল সম্ভার।
২। আমাদের মজুরী সবার থেকে কম। আপনি আপনার স্বপ্নের সাধের গহনা ক্রয় করতে পারবেন সামান্য মজুরীর বিনিময়ে।
৩। আমাদের নিজস্ব জুয়েলারী কারখানায় সুদক্ষ কারিগর দ্বারা অত্যাধুনিক ডিজাইনের গহনা প্রস্তুত ও সরবরাহ করা হয়।
৪। পুরানো সোনার পরিবর্তে হলমার্ক যুক্ত গহনা ক্রয়ের সুব্যবস্থা আছে।
৫। আমাদের এখানে পুরাতন সোনা ক্রয়ের ব্যবস্থা আছে। আধার কার্ড ও ব্যাঙ্ক ডিটেলস নিয়ে শোরুমে এসে যোগাযোগ করুন।
৬। আমাদের শোরুমে সব ধরণের আসল গ্রহরত্ন বিক্রয় করা হয় এবং জিয়োলজিক্যাল সার্ভে অব্ ইন্ডিয়া দ্বারা টেস্টিং কার্ড গ্রহরত্নের সঙ্গে সরবরাহ করা হয় এবং ব্যবহার করার পর ফেরত মূল্য পাওয়া যায়। হোলসেলেরও ব্যবস্থা আছে।
৭। সর্বধর্মের মানুষের জন্য নিউ পি সি জুয়েলার্স নিয়ে আসছে ২৫০০ টাকার মধ্যে সোনার জুয়েলারী ও ২০০ টাকার মধ্যে রূপার জুয়েলারী, যা দিয়ে আপনি আপনার আপনজনকে খুশি করতে পারবেন।
৮। প্রতিটি কেনাকাটার ওপর থাকছে নিউ পি সি অপটিক্যাল গিফ্ট ভাউচার।
৯। কলকাতার দরে সব ধরনের সোনার ও রূপার জুয়েলারী হোলসেল বিক্রয়ের ব্যবস্থা আছে।
১০। সোনার গহনা মানেই নিউ পি সি জুয়েলার্স।
১১। আমাদের এখানে বসছেন স্বনামধন্য জ্যোতিষী ওম প্রকাশ শর্মা, সপ্তাহে একদিন— বৃহস্পতিবার।
১২। নিউ পি সি জুয়েলার্স ফ্রান্সচাইজি নিতে আগ্রহীরা যোগাযোগ করুন। আমরা এক মাসের মধ্যে আপনার শোরুম শুরু করার সব রকম কাজ করে দেবো। যাদের জুয়েলারী সম্পর্কে অভিজ্ঞতা নেই, তারাও যোগাযোগ করুন। আমরা সবরকম সাহায্য করবো। শোরুমের জায়গার বিবরণ সহ আগ্রহীরা বর্তমানে কী কাজের সঙ্গে যুক্ত এবং আইটি ফাইলের তথ্যাদি নিয়ে যোগাযোগ করুন।
১৩। জুয়েলারী সংক্রান্ত ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন পুরুষ সেলসম্যান চাকুরীর জন্য Biodata ও সমস্ত প্রমাণপত্র সহ যোগাযোগ করুন দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৪। সিকিউরিটি সংক্রান্ত চাকুরীর জন্য পুরুষ ও মহিলা উভয়ে যোগাযোগ করুন। বন্দুক সহ ও খালি হাতে। সময় দুপুর ১২টা থেকে বিকাল ৫টার মধ্যে।
১৫। অভিজ্ঞ কারিগররা কাজের জন্য যোগাযোগ করুন।
১৬। Employee ও কারিগরদের জন্য ESI ও PF এর ব্যবস্থা আছে।
১৭। অভিজ্ঞ জ্যোতিষিরা ডিগ্রী ও সমস্ত ধরণের Documents সহ যোগাযোগ করুন।
১৮। দেওয়াল লিখন ও হোর্ডিংয়ের জন্য আমাদের শোরুমে এসে যোগাযোগ করুন।
১৯। আমাদের সমস্ত শোরুম প্রতিদিন খোলা।
২০। Website : www.newpcjewellers.com
২১। e-mail : npcjewellers@gmail.com

| নিউ পি. সি. জুয়েলার্স | নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ | নিউ পি. সি. জুয়েলার্স বিউটি |
|---|---|---|
| বাটার মোড়, বনগাঁ | বাটার মোড়, বনগাঁ | মতিগঞ্জ, হাটখোলা, |
| (বনশ্রী সিনেমা হলের সামনে) | (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে) | বনগাঁ, উত্তর ২৪ পরগনা |

# এন পি.সি. অপটিক্যাল





১। বনগাঁতে নিয়ে এলো আধুনিক এবং উন্নত মানের সকল প্রকার চশমার ফ্রেম ও সমস্ত রকমের আধুনিক এবং উন্নত মানের পাওয়ার গ্লাসের বিপুল সম্ভার।
২। সমস্ত রকম কন্টাক্ট লেন্স-এর সুব্যবস্থা আছে।
৩। আধুনিক লেন্সোমিটার দ্বারা চশমার পাওয়ার চেকিং এবং প্রদানের সুব্যবস্থা আছে। এছাড়াও আমাদের চশমার ওপর লাইফটাইম ফ্রি সার্ভিসিং দেওয়া হয়।
৪। **চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার বাবুদের চেম্বার করার জন্য সমস্ত রকমের ব্যবস্থা আছে। যোগাযোগ করতে পারেন 8967028106 নম্বরে।**
৫। আমাদের এখানে চশমার ফ্রেম এবং সমস্ত রকমের পাওয়ার গ্লাস হোলসেল এর সুব্যবস্থা আছে।

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ


## বনগাঁর খুনের মামলায় নাম জড়ালো শাহজাহান ঘনিষ্টের

প্রতিনিধিঃ সন্দেশখালি কাণ্ডে শাহজাহান ঘনিষ্ঠ উত্তম সর্দার ওরফে সুশান্ত সর্দারের বিরুদ্ধে আগেই একাধিক অভিযোগ উঠেছে। খুনের চেষ্টা, গণধর্ষন সহ একাধিক অভিযোগে ১০ ফেব্রুয়ারি তাকে গ্রেফতার করেছিল সন্দেশখালি থানার পুলিশ। তার মধ্যেই নতুন করে বনগাঁর একটি খুনের ঘটনায় নাম জড়ালো তার। বুধবার বনগাঁ থানার পুলিশ উত্তমকে একটি খুনের মামলায় যুক্ত করে নিজেদের হেফাজতের আবেদন জানিয়ে বনগাঁ মহকুমা আদালতে পাঠায়। বনগাঁ আদলতের অতিরিক্ত মুখ্য বিচারক অভিযুক্তের পুলিশি হেফাজতের আবেদন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। আদালতে যাবার পথে উত্তম জানায়, সে নির্দোষ। এর আগে সে কোনওদিন বনগাঁয় আসেনি। খুন হওয়া বিষ্ণু মন্ডল তার অপরিচিত। আদালতে তার আইনজীবী সঞ্জয় দাস জানিয়েছেন, গত বছর আগষ্ট মাসে বনগাঁর ট্যাংরা কলোনী এলাকায় বিষ্ণু মন্ডল নামে এক ব্যক্তি খুন হন। ওই ঘটনায় মৃত ব্যক্তির স্ত্রী ঝর্না মন্ডলের অভিযোগে তিন অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে খুনের মামলা রুজু করে তদন্ত শুরু করে বনগাঁ থানার পুলিশ। অভিযুক্তরা বর্তমানে জামিনে মুক্ত রয়েছে।

## সন্ধ্যা কুমুদ এর ভাষা শহীদ স্মরণ অনুষ্ঠান

নীরেশ ভৌমিক ঃ একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা সহকারে উদ্‌যাপন করে ঠাকুরনগরের সন্ধ্যা কুমুদ কালচারাল একাডেমীর সদস্য সদস্যাগণ। এদিন একাডেমী অঙ্গনে নির্মিত শহীদ বেদীতে ফুল-মালা অর্পন করে বাংলাদেশের ঢাকায় ১৯৫২ সালে মাতৃভাষা বাংলার স্বাধিকার রক্ষার আন্দোলনে নিহত শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন উপস্থিত সকলে। প্রতিষ্ঠানের শিক্ষক পার্থ ঘোষের পরিচালনায় সংস্থার শিক্ষার্থীগণ সংগীত, নৃত্য, আবৃত্তি পরিবেশন করে। পার্থবাবু ভাষা আন্দোলনে নিহত শহীদদের স্মরণ করে দিনটির তাৎপর্য ব্যাখ্যা করেন। সসদ্যরা কথায় কবিতায় সংগীত ও নৃত্যে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। নানা অনুষ্ঠানে সন্ধ্যা কুমুদ সংস্থার ভাষা শহীদ স্মরণ অনুষ্ঠান সার্থক হয়ে ওঠে।

## গাইঘাটা ব্লকে দুই আধিকারিকের বিদায় সংবর্ধনা

নীরেশ ভৌমিকঃ ২৯ ফেব্রুয়ারি একই দিনে দু'জন আধিকারিক অবসর গ্রহণ করেন গাইঘাটা ব্লকে। গাইঘাটা পঞ্চায়েত সমিতি ও ব্লক প্রশাসন এদিন কর্মীদ্বয়ের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

ব্লকের সৃষ্টি হলে এদিন অপরাহ্নে সভাপতি ইলা বাকচির পৌরোহিত্যে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টজনদের মধ্যে ছিলেন বিডিও নীলাদ্রি সরকার, নবাগত জয়েন্ট বিডিও জাগ্রত চৌধুরী, কর্মাধ্যক্ষ অজয় দত্ত, মধুসূদন সিংহ, অঞ্জনা বৈদ্য, বাপী দাস, পঞ্চায়েত দফতরের আধিকারিক সৌমেন্দ্র নাথ মণ্ডল, সমবায় পরিদর্শক আশিস পাল, সহকারি মিঠুন দাস প্রমুখ।

আয়োজিত বিদায় অনুষ্ঠানে ব্লকের সমাজকল্যান আধিকারিক বিশ্বজিৎ ঘোষ ও স্বনির্ভর গোষ্ঠী দফতরের ভারপ্রাপ্ত আধিকারিক রীমা ঘটককে আয়োজিত বিদায় অনুষ্ঠানে সহকর্মীগণ অশ্রুসিক্ত নয়নে ও নানা উপহারে বিদায় সংবর্ধনা জ্ঞাপন করেন ও তাঁদের সুস্থ দীর্ঘজীবন কামনা করেন।

## ইতিহাসবিদ সুখেন্দু দাস স্মরণে আলোচনা সভা রেনেসাঁসে

নীরেশ ভৌমিকঃ গোবরডাঙার উল্লেখযোগ্য বিজ্ঞান সংস্থা রেনেসাঁস ইনস্টিটিউটে (জি. আর. আই) গত ২৪ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় বিশিষ্ট ইতিহাসবিদ ও গবেষক সদ্য প্রয়াত সুখেন্দু দাসের স্মরণে এক আলোচনা সভা। শুরুতেই প্রয়াত শিক্ষক ও গবেষক সুখেন্দু দাসের জীবন, কর্ম আদর্শ এবং আঞ্চলিক ইতিহাস নিয়ে তাঁর পড়াশুনো এবং গবেষণার বিষয়ে আলোকপাত করেন অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক ও বিশিষ্ট গবেষক এবং গোবরডাঙা গবেষণা পরিষদের প্রাণ পুরুষ দীপক কুমার দাঁ। তিনি এদিন রেনেসাঁস ইনস্টিটিউট থেকে প্রকাশিত কুশদহ বার্তা পত্রিকার ৩২ তম ৩-৪ সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করেন।

গোবরডাঙা হিন্দু কলেজের অবসর প্রাপ্ত অধ্যাপক বিজয় কান্তি নন্দীর পৌরোহিত্যে অনুষ্ঠিত এদিনের আলোচনা সভায় বিশিষ্ট জনদের মধ্যে উপস্থিত ছিলেন বর্ষিয়ান শিক্ষক পবিত্র কুমার মুখোপাধ্যায়, তরুন শিক্ষক ও বিশিষ্ট ইতিহাস বিদ ড. রাজেন্দ্র মজুমদার ও বর্ষিয়ান সমাজ কর্মী ও শিক্ষক কালিপদ সরকার গবেষণা পরিষদের সভাপতি বিশিষ্ট শিক্ষাব্রতী ড. সুনীল বিশ্বাস সমবেত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে। এদিনের আলোচনা সভার প্রথম পর্যায়ে গোবরডাঙার ঐতিহ্য ও তার সংরক্ষণ বিষয়ে মূল্যবান ও গবেষনা মূলক বক্তব্য রাখেন অবসর প্রাপ্ত শিক্ষক ও বিশিষ্ট শিক্ষাবিদ পবিত্র কুমার মুখোপাধ্যায়। আলোচনার দ্বিতীয় পর্যায়ে পীর ঠাকুরবর ও সম্প্রীতির ঐতিহ্য বিষয়ে আলোচনা করেন বিশিষ্ট শিক্ষক ও গবেষক ড. রাজেন্দ্র মজুমদার। শিক্ষক শ্রী মজুমদার তার কর্মক্ষেত্র স্বরূপনগর ব্লকের চারঘাট এলেকার ভৌগলিক ও ঐতিহাসিক বিষয় বস্তু সুন্দরভাবে তুলে ধরেন। উপস্থিত শ্রোতৃমণ্ডলীর সামনে উদ্যোক্তা ও আলোচকগনের এই মহতী উদ্যোগের ভূয়ষী প্রশংসা করেন উপস্থিত সকল শ্রোতাগণ।

## সেবার সাহিত্য সভায় সংবর্ধিত কবি কণিকা

প্রথমপাতার পর...

শিল্পী সাধনা মজুমদারকে সেবা সমিতির পক্ষ থেকে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সেবা সমিতির সম্পাদক গোবিন্দলাল মজুমদার সমিতির অন্যতমা সেবিকা প্রতিমা চক্রবর্তী, বিশিষ্ট কবি ও সাংবাদিক পাঁচু গোপাল হাজরা প্রমুখ ব্যক্তিবর্গ কবি কণিকা বৈরাগী ও আবৃত্তিকার সাধনা মজুমদারকে পুষ্প স্তবক উত্তরীয়, মানপত্র ও স্মারক উপহারে বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করেন। সংবর্ধিত দুজনের কাব্য প্রতিভা ও সুস্থ্য সংস্কৃতির চর্চায় তাঁদের অবদানের কথা তুলে ধরে শুভেচ্ছা ও অভিনন্দন জানান প্রধান শিক্ষিকা কাকলি রায় এবং বাচিক শিল্পী ও প্রশিক্ষিকা রুমা সাহা। কবি টুলু সেনের পরিচালনায় সেবা ফার্মার্স সমিতি আয়োজিত এদিনের সাহিত্য সভা সার্থকতা লাভ করে।


নিজ কারখানায় প্রস্তুত ১২ বৎসরের ওয়ারেন্টি যুক্ত স্টীল ফার্ণিচারের জন্য যোগাযোগ করুন– Mob. : 9733087626

টাইগার স্টীল ফার্ণিচার






Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at KUMAR PRESS at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 ✆ - 9232633899 / 9134228513 / 9647791986 / 8972800084
e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in Sub- Editor- **Haridas Golder** Editor- **Utpal Mallick**